


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়

জেলা-জয়পুরহাট।

www.lged.gov.bd



স্মারক নংঃ ৪৬.০২.৩৮০০.৬১১.১৮.০০১.১৮. ২৬

তারিখঃ ৩/০২/২০ ৪৬

প্রতি

প্রধান প্রকৌশলী

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

এলজিইডি ভবন, আগারগাঁও

শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।

বিষয়ঃ জয়পুরহাট জেলায় এলজিইডি ওয়েবসাইটে নিজ নিজ কার্যালয়ের তথ্য হালনাগাদ না করার কারণে কৈফিয়ত তলব প্রসংগে।

সূত্রঃ মহোদয়ের কার্যালয়ের স্মারক নংঃ ৪৬.০২.০০০০.০০১.১৯.০৯৯.১১.৯৭৫৯ তারিখঃ ৩১/১২/১৮ খ্রিঃ।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এবং “স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা” অনুযায়ী সকল সরকারি প্রতিষ্ঠানের ওয়েবসাইটের তথ্য নিয়মিত হালনাগাদ করনের বাধ্যবাধকতার প্রেক্ষিতে এলজিইডি ওয়েব সাইটে সকল জেলার কার্যক্রমের তথ্যাদি প্রতি মাসের ১০ তারিখের মধ্যে নিয়মিতভাবে হালনাগাদের জন্য যে নির্দেশনা প্রদান করা হয়েছে সে পত্রখানা অত্র দপ্তরে ভুলবশতঃ পাওয়া যায় নাই। নির্দেশিত পত্রখানা না পাওয়ার কারণে প্রতি মাসের ১০ তারিখের নিয়মিত তথ্য হালনাগাদের বিষয়টি ভুলবশতঃ নজরে আসে নাই। এই অনিচ্ছাকৃত ত্রুটির জন্য মহোদয় বরাবরে ক্ষমাপ্রার্থী। গত ০৯/১২/১৮ইং তারিখে বিষয়টি মোবাইল ফোনে বলার পর তৎক্ষণাত এই মাসেই তথা ডিসেম্বর/২০১৮ অত্র দপ্তরের তথ্যাদি এডিট করে ওয়েব সাইটে হালনাগাদ করা হয়। নির্দেশিত পত্রখানা যথাসময়ে অত্র দপ্তরে গৃহীত না হওয়ার দরুন এই অনিচ্ছাকৃত ভুলটি সাধিত হয়েছে। মহোদয় বরাবরে এ অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করছি এবং ভবিষ্যতে এ ধরনের ভুল যাতে না হয় সেই মর্মে কঠোর দৃষ্টি রাখছি।

এমতাবস্থায় উপরোক্ত অবস্থাদীর্ঘে প্রথম বারের মত ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখে আপাততঃ অসদাচরণের দায় হতে অব্যাহতি প্রদানের জন্য মহোদয় বরাবরে সবিনয় অনুরোধ জানাচ্ছি।

(মোঃ মোস্তাক হোসেন জোয়ার্দার)

নির্বাহী প্রকৌশলী

ফোনঃ ০৫৭১-৬৩৫৫৯

মোবাইলঃ ০১৭০৮-১২৩২০৪

xen.joypurhat@lged.gov.bd